

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩ (অংশ-৩)/২০১৭/২০০

তারিখঃ ০৩ এপ্রিল ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যাস ১৯৮৩ হালনাগাদ ও সংযোজন-বিয়োজন পূর্বক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় সংসদে গত ৭ ডিসেম্বর ২০১৬খ্রিঃ “বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন-২০১৬” পাশ হয়, যা ২২ ডিসেম্বর ২০১৬খ্রিঃ গেজেট প্রকাশিত হয়। উক্ত আইন অনুযায়ী নবগঠিত কাউন্সিলের সাধারণ সভা গত ০৯-০২-২০১৭খ্রিঃ অনুষ্ঠিত হয়, সভায় কাউন্সিলের নিজস্ব মনোগ্রাম/প্রতীক (Logo) নির্বাচনের জন্য উপস্থাপন করা হলে সামান্য সংশোধনীর পরামর্শসহ কাউন্সিলের সম্মানিত প্রেসিডেন্ট মহোদয় কর্তৃক চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। গত ০২-০৩-২০১৭খ্রিঃ সর্বসাধারণের নিকট হতে মনোগ্রাম আস্ত্রান করে ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অতঃপর বিস্তারিত পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষাত্তে কাউন্সিলের সম্মানিত প্রেসিডেন্ট এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ০২-০৪-২০১৭খ্রিঃ মনোগ্রাম চূড়ান্ত করা হয়।

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি)-এর মনোগ্রাম/প্রতীক (Logo) এর বৈশিষ্ট্যঃ

- (১) নার্সিং-শিক্ষার বৈশিষ্ট্য হিসেবে একটি পাঠ্রত খোলা বই;
- (২) নার্সিং-সেবার অন্যতম বৈশিষ্ট্য ফ্লোরেন্স নাইটিংগেল এর হাতে প্রজ্বলিত ল্যাম্প;
- (৩) মিডওয়াইফ এর দুহাতের ভিতরে আগলে রাখা নবজাতক ও মা (পিংক);
- (৪) গোলাকারে উপরাংশে বাংলায় ‘বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল’ (গাঢ় সবুজের মাঝে সাদা);
- (৫) গোলাকারে নিচের অংশে ইংরেজিতে ‘Bangladesh Nursing & Midwifery Council’
(গাঢ় সবুজের মাঝে সাদা);
- (৬) গোলাকৃতির ডান-বামে দুই পাশে লাল রঙের দুটি ফোটা” (গাঢ় সবুজের মাঝে লাল)।





(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার ও সদস্য-সচিব
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
ফোনঃ ৯৫৬৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- (১) ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব (নার্সিং শিক্ষা), চিকিৎসা শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- (২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলানগর, ঢাকা।
- (৪) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- (৫) মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- (৬) সমানিত সদস্য (সকল), বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং
- (৭) সিভিল সার্জন/ সহকারী পরিচালক/ তত্ত্ববধায়ক
- (৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, চিকিৎসা শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
- (৯) সিনিয়র সহকারী সচিব (নার্সিং), চিকিৎসা শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
- (১০) অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ইনসিটিউট
- (১১) নার্সিং সুপারিনিটেন্ডেন্ট/সুপারভাইজার, মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল হাসপাতাল/সদর হাসপাতাল
-
- (১২) ব্যবস্থাপক, অগ্রণী/ জনতা/প্রাইম/ইসলামী ব্যাংক লিঃ
- (১৩) হিসাব রক্ষক, বিএনএমসি,
- (১৪) জনাব/ বেগম


রেজিস্ট্রার ও সদস্য-সচিব